বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স

সূত্র নং: ডিসিপি(পিআর) ০৫/২০২৬-৫৩৫ তারিখ : ১৯ নভেম্বর, ২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

প্রধান বার্তা সম্পাদক,
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া
ঢাকা।

নারীর আর্থিক অন্তর্ভুক্তি ত্বরান্বিতকরণ বিষয়ক কর্মশালা

ভোলা জেলার চরফ্যাশন উপজেলায় প্রান্তিক নারীদের কাছে আনুষ্ঠানিক আর্থিক সেবা পৌঁছে দিতে বাংলাদেশ ব্যাংকের এনএফআইএস এডমিনিস্ট্রেটিভ ইউনিট (এনএইউ)-এর উদ্যোগে গত ১৪ নভেম্বর ২০২৬, শনিবার হোটেল মারুফ ইন্টারন্যাশনালে "নারীর আর্থিক অন্তর্ভুক্তি ত্বরান্বিতকরণ বিষয়ক" কর্মশালা অনুষ্ঠিত হয়। আর্থিক সেবার বাইরে থাকা নারীদের বিভিন্ন সেবা সম্পর্কে অবহিতকরণ এবং তাঁদের বিভিন্ন আর্থিক সেবায় অন্তর্ভুক্তকরণ ছিল এ আয়োজনের মূল লক্ষ্য।

কর্মশালায় সভাপতিত্ব করেন এনএইউ-এর দায়িত্বপ্রাপ্ত নির্বাহী পরিচালক জনাব রূপ রতন পাইন। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ হাবিবুর রহমান, ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক জনাব শায়েমা ইসলাম। কর্মশালাটি সঞ্চালনা করেন এনএইউ-এর পরিচালক (চলতি দায়িত্ব) শাহানা ফেরদৌসী। এছাড়া, আলোচনায় আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি-এর পরিচালক জনাব মোহাম্মদ কামাল হোসেন। কর্মশালায় "প্রান্তিক নারীদের আর্থিক অন্তর্ভুক্তির ক্ষেত্রে বিদ্যমান সুযোগ ও সম্ভাবনা" শীর্ষক একটি উপস্থাপনা তুলে ধরেন এনএইউ-এর যুগ্ম-পরিচালক জনাব রাফাত ফাতেমা। বিভিন্ন ব্যাংকের কর্মকর্তাগণ উক্ত কর্মশালায় মতবিনিময় করেন।





অন্তর্ভুক্তিমূলক অর্থায়ন কেন জরুরি, সে প্রসঙ্গ টেনে আলোচকেরা প্রান্তিক নারীরা আর্থিক সেবা কতটা পাচ্ছেন, কোথায় তারা পিছিয়ে আছেন এবং সেই বাধা কীভাবে দূর করা যায় এ বিষয়ে আলোচনা করেন। আলোচকদের মতে, নারীদের জন্য বিশেষ ঋণসুবিধা, ডিজিটাল আর্থিক সেবার বিস্তার এবং আর্থিক সাক্ষরতা বৃদ্ধি একসঙ্গে এগিয়ে নিতে পারলে আর্থিক সেবা নারীদের আরও হাতের নাগালে আসবে। এ প্রেক্ষিতে উপস্থিত আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের প্রান্তিক নারীদের সহায়তা প্রদানের ব্যাপারে জোর তাগিদ দেয়া হয়। আলোচনার বাইরেও কর্মশালায় ছিল সরাসরি অংশগ্রহণের সুযোগ যেখানে কতিপয় সেবাবঞ্চিত নারী ও স্থানীয় নারী উদ্যোক্তারা নিজেদের অভিজ্ঞতা তুলে ধরেন। এছাড়া, অংশগ্রহণকারীদের জন্য একটি সচেতনতামূলক কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

হাতে-কলমে প্রান্তিক নারীদের সেবা গ্রহণের সুযোগ করে দিতে কর্মশালা প্রাঙ্গণে ব্যাংক, ফাইন্যান্স কোম্পানি, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার ও ক্ষুদ্রঋণ সংস্থার মোট ০৮টি অস্থায়ী আর্থিক সেবা বুথ স্থাপন করা হয়। প্রধান অতিথি অংশগ্রহণকারী প্রান্তিক নারীদের সঙ্গে নিয়ে বুথগুলো পরিদর্শন করেন। কর্মশালায় অংশগ্রহণকারী নারীগণ সরাসরি ১০টি ব্যাংক

চলমান পাতা - ২

হিসাব এবং ২৫টি এমএফএস হিসাব খোলেন, পাশাপাশি বিভিন্ন আর্থিক সেবা সম্পর্কে প্রাথমিক ধারণা নেন। ব্যাংক, ফাইন্যান্স কোম্পানি, এমএফএসপি ও ক্ষুদ্রঋণ সংস্থার প্রতিনিধি এবং আর্থিক সেবাবঞ্চিত নারী মিলিয়ে কর্মশালায় সর্বমোট ১২০ জন অংশগ্রহণ করেন।

জাতীয় স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

(সাঈদা খানম)
পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) ও সহকারী মুখপাত্র
বাংলাদেশ ব্যাংক,
প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
টেলিফোন: ৯৫৩০১৮০
E-mail: sayeda.khanam@bb.org.bd